

পার্বত্য চট্টগ্রাম অঞ্চলে মৎস্য সম্পদ উন্নয়ন প্রকল্প

প্রকল্পের উদ্দেশ্যসমূহ:

প্রকল্পের সার্বিক উদ্দেশ্য হলো পার্বত্য চট্টগ্রাম অঞ্চলে মৎস্যসম্পদ উন্নয়ন ও মৎস্যচাষের মাধ্যমে মাছের উৎপাদন বৃদ্ধি, পার্বত্য জনগণের পুষ্টি চাহিদা পূরণ, কর্মসংস্থান সৃষ্টি ও আয় বৃদ্ধি এবং সরকারের দারিদ্র্য হ্রাসকরণের উদ্যোগকে সহায়তা করা। তাছাড়া সুনির্দিষ্ট উদ্দেশ্য হলো:

- ক্রিক/জলাশয়/জলাধারের পরিবেশ ও প্রতিবেশ উন্নয়নের মাধ্যমে মাছের উৎপাদন ও উৎপাদনশীলতা বৃদ্ধি;
- ক্রিক-সংশ্লিষ্ট সুফলভোগীদের মাছ চাষের বিভিন্ন প্রযুক্তির বিষয়ে দক্ষতা উন্নয়ন;
- পার্বত্য চট্টগ্রাম অঞ্চলের অনগ্রসর/প্রান্তিক জনগোষ্ঠির পুষ্টি চাহিদাপূরণ ও সংশ্লিষ্ট সুফলভোগীদের সামাজিক-অর্থনৈতিক অবস্থার উন্নয়ন; এবং
- অবকাঠামো উন্নয়নের মাধ্যমে মৎস্য অধিদপ্তরের সক্ষমতা বৃদ্ধি।

প্রকল্পের লক্ষ্যমাত্রাসমূহ

- পার্বত্য এলাকায় মৎস্যচাষ সম্প্রসারণের নিমিত্ত ৮১৪টি ক্রিক উন্নয়নসহ বিদ্যমান সংস্কারযোগ্য ৮০টি ক্রিক সংস্কার করা হবে;
- পার্বত্য জেলাসমূহে মৎস্যসম্পদ উন্নয়ন ও মৎস্যচাষ কার্যক্রম গ্রহণের মাধ্যমে মৎস্য উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন প্যাকেজে ৮১৪টি প্রদর্শনী খামার স্থাপন করা হবে;
- মৎস্য অধিদপ্তরের কর্মকর্তা-কর্মচারী, ক্রিক সংশ্লিষ্ট মৎস্যচাষি ও অন্যান্য সুফলভোগীসহ সর্বমোট ৭৭৬০ জনকে আধুনিক মাছচাষ বিষয়ক বিভিন্ন প্যাকেজের উপর প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে দক্ষতা বৃদ্ধি করা হবে;
- মোট ৩৬০০টি দরিদ্র জেলে পরিবারকে বিকল্প কর্মসংস্থান সহায়তা প্রদান করা হবে; এবং
- অবকাঠামো উন্নয়নের মাধ্যমে মৎস্য অধিদপ্তরের সক্ষমতা বৃদ্ধি করা হবে।

প্রকল্পে কর্মরত জনবল

১। প্রকল্প পরিচালকঃ মোহাম্মদ ইয়াছিন, মোবাইল নম্বর:০১৭৬৯৪৫৯১০২ দাপ্তরিক ফোন:০৩৫১-৬২৬০০

২। উপপ্রকল্প পরিচালকঃ মোঃ আবদুল্লা আল হাসান, মোবাইল নম্বর:০১৯১৩৪৪৪০০২ দাপ্তরিক ফোন:০৩৫১-৬২৬০১

৩। পরিবীক্ষণ ও মূল্যায়ন কর্মকর্তাঃ মোঃ হিজবুল বাহার, মোবাইল নম্বর:০১৮১১৬০৬৩৬৩

৪। উপ-সহকারী প্রকৌশলীঃ ক) এস. এম. আবু নাসের আহমেদ। খ) রিপন কুমার তালুকদার গ) মোঃ হযরত আলী

৫। হিসাবরক্ষকঃ মোঃ জাহিদ হোসেন।